পুলিশের লুট হওয়া অস্ত্রের সন্ধান দিলে মিলবে পুরস্কার: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

গত জুলাই মাসের অভ্যুত্থানের সময় পুলিশ থেকে লুট হওয়া অস্ত্র উদ্ধারে সহায়তা করলে তথ্যদাতাকে পুরস্কৃত করা হবে বলে ঘোষণা দিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী।

রোববার (১০ আগস্ট) দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি জানান, ওই অভ্যুত্থানের সময় রাজধানীসহ দেশের বিভিন্ন এলাকায় সহিংসতা ও ভাঙচুরের মধ্যে পুলিশি অস্ত্রাগার থেকে বিপুল সংখ্যক অস্ত্র লুট হয়। এর মধ্যে কিছু উদ্ধার হলেও বর্তমানে ৭০০টিরও বেশি অস্ত্রের এখনও কোনো সন্ধান মেলেনি।

স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, “অস্ত্র উদ্ধারে জনসাধারণের সহযোগিতা প্রয়োজন। যারা অস্ত্রের সন্ধান দিতে পারবেন, তাদের জন্য অর্থমূল্য পুরস্কার দেওয়া হবে। এ বিষয়ে একটি কমিটি গঠন করা হচ্ছে এবং পুরস্কারের পরিমাণ দু’-চার দিনের মধ্যে জানিয়ে দেওয়া হবে।”

তিনি আরও জানান, লুট হওয়া অস্ত্র উদ্ধারে পুলিশ ও আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি সাধারণ মানুষকেও সম্পৃক্ত করতে চায় সরকার। এজন্য তথ্যদাতাদের পরিচয় গোপন রাখার নিশ্চয়তা দেওয়া হবে।

উল্লেখ্য, গত জুলাই মাসের রাজনৈতিক অস্থিরতা ও অভ্যুত্থান চেষ্টার সময় দেশজুড়ে আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতির সুযোগে বিভিন্ন থানার অস্ত্রাগার থেকে বিপুল পরিমাণ অস্ত্র লুট হয়। এর মধ্যে কিছু অস্ত্র উদ্ধার হলেও এখনো উল্লেখযোগ্য সংখ্যক অস্ত্র নিখোঁজ রয়েছে।